

Upload
18/08/21

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১



স্মারক নং-১২.২১.০০০০.০০৯.৩৪.০০৩.১৮.৬৫৭৬


তারিখঃ ০৬-০৪-২০২১

করোনা ভাইরাস সংক্রান্ত বিষয়ে জরুরী সভার কার্যবিবরণী

০৬-০৪-২০২১খ্রিঃ তারিখ ইনস্টিটিউটের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে তার সভাকক্ষ সম্প্রতি বাংলাদেশে করোনা ভাইরাস সংক্রমণ উদ্বেগ হারে বৃদ্ধি পাওয়ায় কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০১২.৩২.০২৮.২০.৩৫৬ তারিখঃ ০৬-০৪-২০২১ মোতাবেক জারিকৃত নির্দেশনার আলোকে এক জরুরী সভার আয়োজন করা হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (পরিশিষ্ট-“ক”)

- সিদ্ধান্ত:১: স্বাস্থ্য বিধি মেনে বিভাগীয় প্রধানগণ প্রয়োজনীয় সংখ্যক বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী নির্ধারনপূর্বক গবেষণাসহ জরুরী কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করবেন।
- সিদ্ধান্ত:২: অফিসের নিজস্ব পরিবহন ব্যবস্থায় চলাচলকারী যানবাহনের বিদ্যমান আসনের প্রতি ২ সিটে ১ জন করে যাত্রী নিয়ে যাতায়াত করবে। যে সকল বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারীগণ অফিসের নিজস্ব পরিবহন ব্যবস্থায় যাতায়াত করেন তাঁরা বিভাগীয় প্রধানগণের নির্দেশনা অনুযায়ী অফিসের কার্যক্রম সম্পাদন করবেন।
- সিদ্ধান্ত:৩: নিয়মিত, অনিয়মিত, মাস্টাররোল শ্রমিকগণ যথারীতি স্বাস্থ্যবিধি মেনে কাজ করবে।
- সিদ্ধান্ত:৪: বিভাগীয় প্রধানগণ সকল ধরনের শ্রমিকদেরকে রিইউজিবল মাস্ক সরবরাহ করবে।
- সিদ্ধান্ত:৫: সকল বিভাগের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকগণ এবং সেবাপ্রার্থীগণ “নো মাস্ক নো সার্ভিস” নিশ্চিত করতে হবে।
- সিদ্ধান্ত:৬: ০১/০৪/২১ তারিখ থেকে পশ্চিম গেইট সাময়িকভাবে বিকাল ০৬.০০ ঘটিকার পর বন্ধ থাকবে।
- সিদ্ধান্ত:৭: অফিস চলাকালীন সময়ে সকল বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকগণ স্বাস্থ্য বিধি মেনে চলবে।
- সিদ্ধান্ত:৮: কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০১২.৩২.০২৮.২০.৩৫৬ তারিখঃ ০৬-০৪-২০২১ মোতাবেক জারিকৃত নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক অফিসের সকল কার্যক্রম পরিচালনা করবেন। এছাড়াও এতদবিষয়ে সময়ে সময়ে জারিকৃত সরকারী নির্দেশনা অনুসরণপূর্বক অফিস পরিচালনা করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।


০৬.০৪.২০২১
(ড. এস. এম. শরিফুজ্জামান)
পরিচালক (সেবা ও সরবরাহ)
ফোনঃ ৫৩০৩

কার্যার্থে বিতরণঃ

১. পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্র. ও যো./প. ও মূ./ কন্দাল ফসল/ উদ্যানতত্ত্ব/ তৈলবীজ), বারি, গাজীপুর।
২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান -----
৩. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা-----
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ভূমি ও ইমারত শাখা, বারি, গাজীপুর।
৬. উপ-পরিচালক (অর্থ ও হিসাব/সংগ্রহ ও ভান্ডার), বারি, গাজীপুর।
৭. উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা -----
৮. সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন), বারি, গাজীপুর।
৯. সিনিয়র মেডিকেল অফিসার, বারি, গাজীপুর।
১০. উর্ধ্বতন গ্রন্থাগারিক, বারি, গাজীপুর
১১. সহকারী পরিচালক(প্রঃ), সাধারণ সেবা, বারি, গাজীপুর
১২. প্রটোকল কর্মকর্তা, বিএআরআই, গাজীপুর।
১৩. এডিটর, বিএআরআই, গাজীপুর।
১৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, গাজীপুর।
১৫. নিরাপত্তা পরিদর্শক, সাধারণ সেবা, বিএআরআই, গাজীপুর।
১৬. পরিবহন কর্মকর্তা, বিএআরআই, গাজীপুর।
১৭. সংশ্লিষ্ট নথি/মাস্টার ফাইল।